



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ
www.ssd.gov.bd

স্মারক নং-৫৮.০০.০০০০.০৪৩.৩২.০০৭.১৭ (অংশ).৬৩

তারিখঃ ১৫ বৈশাখ, ১৪২৮ বঙ্গাব্দ
২৮ এপ্রিল, ২০২১ খ্রিষ্টাব্দ

পরিপত্র

বিষয়ঃ তথ্য সংশোধনপূর্বক দেশে ও বিদেশে পাসপোর্ট রি-ইস্যুর আবেদনসমূহ নিষ্পত্তিকরণ।

তথ্য সংশোধনপূর্বক দেশে ও বিদেশে পাসপোর্ট রি-ইস্যুর আবেদনসমূহ নিষ্পত্তি সংক্রান্ত নির্দেশনা নিম্নরূপঃ

০১. পাসপোর্টে নাম (নিজ, পিতা ও মাতা) ও বয়স সংশোধনের জন্য-
 - i. প্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র/জেএসসি/জেডিসি/এসএসসি/এইচএসসি/দাখিল/কারিগরি/উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ও সমমান-এর সনদপত্র বিবেচনা করতে হবে।
 - ii. যাদের এ ধরনের সনদপত্র নেই তাদের ক্ষেত্রে জন্মসনদ বিবেচনা করতে হবে।
 - iii. অপ্রাপ্তবয়স্কদের ক্ষেত্রে জন্মসনদ বিবেচনা করতে হবে।
 - iv. প্রয়োজনে স্পেশাল ব্রাঞ্চ ও অন্যান্য গোয়েন্দা সংস্থার মাধ্যমে প্রদত্ত তথ্য যাচাই করা যেতে পারে।
 - v. আবেদনে বয়স পরিবর্তনের ক্ষেত্রে সর্বোচ্চ ৫ (পাঁচ) বছরের ব্যবধান পর্যন্ত বিবেচনা করা যাবে।
০২. সরকারি চাকুরিজীবীগণ চাকুরিতে প্রবেশের সময় তথ্যাদি জমা দেন বিধায় এ ধরনের তথ্য পরিবর্তনের আবেদন বিবেচনার কোন অবকাশ নেই। তবে সরকারি চাকুরিজীবী যারা চাকুরির পূর্বে পাসপোর্ট গ্রহণ করেছেন, তাদের প্রমাণক পরীক্ষা-নিরীক্ষাপূর্বক তথ্য সংশোধন করা যেতে পারে।
০৩. বিদেশস্থ দূতাবাসে আবেদন করা হলে আবেদনপত্রের সঙ্গে সংশ্লিষ্ট দেশের অবস্থান/বসবাসের প্রমাণক, ছবি, নাম এবং বয়স সম্বলিত প্রমাণক যেমন Permanent Resident Card/Job ID Card/Student ID Card/Driving Licence ইত্যাদি সংযোজন করতে হবে, যা দূতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।
০৪. বিদেশে বসবাসরত বাংলাদেশের নাগরিকগণ এই পরিপত্র জারির ৬ (ছয়) মাসের মধ্যে তথ্য সংশোধনের আবেদন করতে পারবেন। তবে যৌক্তিক কারণে এ সময়সীমা ১ (এক) বছর পর্যন্ত বৃদ্ধি করা যেতে পারে। নির্ধারিত সময়ের মধ্যে তথ্য সংশোধনের আবেদনে ব্যর্থ হলে আর সুযোগ থাকবে না।
০৫. MRP-তে কোন সংশোধনী না থাকলে রি-ইস্যু করার সময় পুলিশ ভেরিফিকেশন আবশ্যিক নয়।
০৬. পাসপোর্ট হারিয়ে গেলে সংশ্লিষ্ট দেশের আইন অনুযায়ী হারানো পাসপোর্টের পুলিশ প্রতিবেদনসহ রি-ইস্যুর আবেদন দাখিল করতে হবে।
০৭. আবেদনকারীকে তথ্য পরিবর্তনের জন্য লিখিত আবেদন করতে হবে এবং হলফনামা প্রদান করতে হবে। ভবিষ্যতে কোন আইনী জটিলতা হলে আবেদনকারী দায়ী থাকবেন এই মর্মে ঘোষণা থাকতে হবে।
০৮. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হল। উপর্যুক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হল।

মাসুদ চৌধুরী
26/8/2022

(মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী)

অতিরিক্ত সচিব

ফোন: +৮৮০-২-৯৫৭৩৩০৪

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০২. পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব) পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য...

০৩. সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী ভবন, ৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।
০৪. সচিব, বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়, নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭।
০৫. মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৬. মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
০৭. মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
০৮. রেজিস্ট্রার জেনারেল, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম-মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ, পরিবহন পুল ভবন (৯ম তলা), সচিবালয় লিঙ্ক রোড, ঢাকা।
০৯. অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ, মালিবাগ, ঢাকা।
১০. প্রকল্প পরিচালক, “ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা” শীর্ষক প্রকল্প, আগারগাঁও, ঢাকা।
১১. যুগ্মসচিব (বহিরাগমন-১ অধিশাখা), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১২. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।